দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...... 12 MAR 20[illegible]5
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

# ঢাবির চার শিক্ষার্থী সাময়িক বহিষ্কার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাবি সাংবাদিক সমিতির সভাপতি মাসুম বিল্লাহর ওপর হামলার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করেছে প্রশাসন। এক নারী সাংবাদিককে উত্ত্যক্ত করার প্রতিবাদ করায় মাসুম বিল্লাহর ওপর হামলা হয়। ওই ঘটনায় জড়িত আরও চারজনকে কেন বহিষ্কার করা হবে না মর্মে কারণ দর্শানোর নোটিস দেয়া হবে। বুধবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এই ঘটনায় অভিযুক্ত সবাই হাজী মুহম্মদ মুহসীন হল ছাত্রলীগের সভাপতি মাকসুদ রানা-মিঠুর সমর্থক বলে জানা যায়। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক আমজাদ জানান, চার জনকে সাময়িক বহিষ্কার করে বাকি চারজনকে নোটিস দেয়া হয়েছে। এদের বিরুদ্ধে তদন্ত করে অপরাধের প্রমাণ পাওয়া গেলে আরও কঠোর ব্যবস্থা নেয়া হবে।